সমকাল

তারিখ : 11 MAY 2016
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫

# আইনের শিক্ষার্থীদের আদালতে অনুশীলন করা উচিত : স্পিকার

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

আইন বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি আদালতে অনুশীলন করা উচিত বলে মত প্রকাশ করেছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগে 'ক্লিনিক্যাল লিগ্যাল এডুকেশন প্রোগ্রাম'-এর উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠানটি আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ, কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস ও বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট।

স্পিকার বলেন, যদি কিতাবি শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীরা আদালতে যেতে পারে, তাহলে ছাত্রাবস্থায় জানতে পারবে কীভাবে আইন নিয়ে কাজ করতে হয়। তখন তারা নিজেদের সেভাবে তৈরি করতে পারবে।

ড. শিরীন শারমিন বলেন, সমাজে ও জাতীয় জীবনে সুবিধাবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠা, সামাজিক বৈষম্য দূর, আইনের শাসন প্রতিষ্ঠা, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন– সর্বোপরি বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে আইনের শিক্ষার্থীরা অগ্রণী ভূমিকা পালন করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, আইন পেশায় যারা আছেন, তাদের প্রধান কাজ হচ্ছে ন্যায়বিচারের মাধ্যমে সত্য প্রতিষ্ঠা করা। কেননা সবার প্রত্যাশা, সাধারণ মানুষ আইনের আশ্রয় ও সহযোগিতা পাবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বোরহান উদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ লিগ্যাল এইড সার্ভিসেস ট্রাস্টের নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. তাসলিমা মনসুর, ক্লিনিক্যাল লিগ্যাল এডুকেশন প্রোগ্রামের উপদেষ্টা অধ্যাপক ড. রহমতউল্লাহ, কমিউনিটি লিগ্যাল সার্ভিসেসের দলনেতা জেরম শেয়ার, ক্লিনিক্যাল লিগ্যাল এডুকেশন প্রোগ্রামের সমন্বয়কারী অধ্যাপক ড. মুহাম্মদ ইকরামুল হক এবং খান মো. আবদুল মান্নান প্রমুখ।